# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৫৯

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৩. পশ্চাদ্দার দিয়ে মহিলাদের নিকট গমণ করা

بَاب إِتْيَانِ النِّسَاءِ فِي أَدْبَارِهِنَّ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَلِيٍّ الرِّفَاعِيُّ قَالَ سَمِعْتُ الْحَسَنَ يَقُولُ كَانَتْ الْيَهُودُ لَا تَأْلُو مَا شَدَّدَتْ عَلَى الْمُسْلِمِينَ كَانُوا يَقُولُونَ يَا أَصْحَابَ مُحَمَّدٍ إِنَّهُ وَاللَّهِ مَا يَحِلُّ لَكُمْ أَنْ تَأْتُوا نِسَاءَكُمْ إِلَّا مِنْ وَجْهٍ وَاحِدٍ قَالَ فَأَنْزَلَ اللَّهُ نِسَاؤُكُمْ حَرْثٌ لَكُمْ فَأْتُوا حَرْثَكُمْ أَنَّى شِئْتُمْ فَخَلَّى اللَّهُ بَيْنَ الْمُؤْمِنِينَ وَبَيْنَ حَاجَتِهِمْ

বাংলা

১১৫৯. আলী ইবনু আলী আর রিফাঈ বর্ণনা করেন, তিনি বলেন, আমি হাসান রাহি. কে বলতে শুনেছি, ইয়াহুদীরা (মুসলিমদের বিভিন্নভাবে স্ত্রী-গমণের বিষয়টিকে বিদ্রূপ করতে) কোনো রকম কসূর করতো না, যা মুসলিমদের উপর খুব কঠিন মনে হলো। তারা (ইয়াহুদীরা) বলতো, হে মুহাম্মদের সাথীগণ! আল্লাহর কসম! একটি মাত্র দিক (সামনের থেকে) ব্যতীত আর কোনো দিক থেকেই তোমাদের স্ত্রীগণের নিকট গমণ করা তোমাদের জন্য হালাল নয়।তিনি বলেন, তখন আল্লাহ তা’আলা নাযিল করলেন: [“তোমাদের স্ত্রীগণ তোমাদের জন্য ক্ষেতস্বরূপ; অতএব তোমরা যেভাবেই ইচ্ছা গমণ কর।” (সুরা বাকারা: ২২৩)] ফলে আল্লাহ (এভাবে) মু’মিনদের প্রয়োজনকে অবমুক্ত করে দিলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ৪/২৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন